দৈনিক সংবাদ

তারিখ 27 MAY 1986
পৃষ্ঠা 3 কলাম 2

05

# ইউনেস্কো সংকট কাটিয়ে উঠছে

প্যারিস, ২৬শে মে (এএফপি)।—ইউনেস্কো তার তিন বছরের সংকট কাটিয়ে উঠছে বলে মনে হয়। এই তিন বছরে যুক্তরাষ্ট্র, বৃটেন ও সিঙ্গাপুর ইউনেস্কো থেকে বের হয়ে গেছে এবং বাজেট ৩০ শতাংশ কমেছে।

ইউনেস্কোর বিরুদ্ধে রাজনৈতিক তৎপরতা ও প্রশাসনিক দুর্বলতার অভিযোগ সত্ত্বেও গত সপ্তাহে সংস্থার ৫০ সদস্যের নির্বাহী পরিষদ অন্যান্য দেশের সদস্যপদ প্রত্যাহারের হুমকি কাটিয়ে উঠতে সক্ষম হয়। পরিষদের বৈঠকে বৃটেনকে পর্যবেক্ষকের মর্যাদা দেয়ার ও ব্যয়ের লক্ষ্যমাত্রা ১ কোটি ৭০ লাখ ডলার কমানোর সিদ্ধান্ত নেয়া হয়।

অধিকাংশ প্রতিনিধিই বৈঠককে "সুষ্ঠু ও "খুব ইতিবাচক" বলে মনে করেন। প্রসঙ্গক্রমে মহাপরিচালক আমাদু মাহতার এমবো'র উত্তরসূরী নির্বাচনের বিষয় নিয়েও আলোচনা হয়।

তবে কোন দেশই সরকারী ভূমিকা গ্রহণ করেনি। সেপ্টেম্বরে পরিষদের পরবর্তী অধিবেশন অনুষ্ঠানের আগে প্রার্থী মনোনয়ন করা হবে না। ১৯৮৭ সালে সংস্থার সাধারণ সম্মেলনে এব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।

ইউনেস্কো যদি ত্রুটিপূর্ণ হয় তবুও আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্রে তার বড় ধরনের ভূমিকা রয়েছে বলে প্রতিনিধিরা গুরুত্বারোপ করেন।

বৃটেনকে পর্যবেক্ষকের মর্যাদা দেয়ার ব্যাপারে আফ্রো-আরব গ্রুপ চরম বিরোধিতা করলেও পরে মধ্যপন্থীদের সহায়তায় বৃটেনকে পর্যবেক্ষকের মর্যাদা দেয়া হয়।